

সিলেট বিভাগের এইচএসসি পরীক্ষা স্থগিত ৮ জুলাই পর্যন্ত

সংবাদ অনলাইন রিপোর্ট

: বৃহস্পতিবার, ২০ জুন ২০২৪



পাহাড়ি ঢল ও ভারী বৃষ্টিতে সিলেট নগরের বন্যা পরিস্থিতির কারণে বিভাগের এইচএসসি ও সমমানের পরীক্ষা আগামী ৮ জুলাই পর্যন্ত স্থগিত করা হয়েছে।

আজ বৃহস্পতিবার শিক্ষা বিভাগ এ সিদ্ধান্ত নিয়েছে। আন্তর্জাতিক শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির প্রধান ও ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রথম আলোকে এই তথ্য জানিয়েছেন।

৩০ জুন থেকে এই পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। তবে ৯ জুলাই থেকে যে পরীক্ষাগুলো হওয়ার কথা ছিল সেগুলো যথারীতি হবে।